



## ইহুদি পুরুষেরা কি তাদের মহিলা না বানানোর জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিত?

হ্যাঁ, তারা দিতো! প্রতিদিন তারা এই বেরাকা *Beraka* প্রার্থনা করতো।

*Beraka* অর্থ ধন্য। এই প্রার্থনা হলো-

ধন্য সে যে আমাকে পরজাতি হিসেবে তৈরি করে নি;

ধন্য সে যে আমাকে নারী হিসেবে তৈরি করে নি;

ধন্য সে যে আমাকে অশিক্ষিত (অথবা দাস) হিসেবে তৈরি করে নি।

-টি. বেরাখোট ৭.১৬-১৮

মূল শব্দ

**beraka**

ধন্য

### সুসমাচার সংস্কৃতিকে পরিবর্তন করে!

পৌল ইহুদিদের পুরুষানুক্রমিক প্রার্থনা জানতো। তিনি জানতেন, ইহুদি পুরুষেরা তাদেরকে পরজাতি, নারী বা দাস না বানানোর জন্য প্রতিদিন ঘুম থেকে উঠে সৃষ্টিকর্তাকে ধন্যবাদ দিত। পৌল আরো জানতো যে যীশুর সুসমাচারের বাস্তবতা কি, এবং কিভাবে যীশু সবকিছু পরিবর্তন করতে পারেন। *Beraka* এবং সক্রিয় ইহুদিদের উত্তরে পৌল গালাতীয় ৩:২৬-২৯ পদে লিখেছেন:

২৬ কেননা তোমরা সকলে, খ্রীষ্ট যীশুতে বিশ্বাস দ্বারা ঈশ্বরের পুত্র হইয়াছ; ২৭ কারণ তোমরা যত লোক বাণ্ডাইজিত হইয়াছ খ্রীষ্টের উদ্দেশ্যে বাণ্ডাইজিত হইয়াছ, সকলে খ্রীষ্টকে পরিধান করিয়াছ।

২৮ যিহুদী কি গ্রীক আর হইতে পারে না, দাস কি স্বাধীন আর হইতে পারে না, নর ও নারী আর হইতে পারে না। কারণ যীশুতে তোমরা সকলেই এক।

২৯ আর তোমরা যদি খ্রীষ্টের হও, তবে অব্রাহামের বংশ, প্রতিজ্ঞানুসারে দায়াদিকারী।”

### স্থায়ী উত্তরাধিকারী

ইহুদি সংস্কৃতি লোকদেরকে জাতি, সামাজিক অবস্থান অথবা লিঙ্গের উপর ভিত্তি করে আলাদা করতো এবং মর্যাদা দিতো। অবশ্যই একজন ইহুদি, মুক্ত ও পুরুষ হওয়া সবচেয়ে উপরের স্তরের বিষয়। যাইহোক, পরজাতি পুরুষেরা ইহুদি হতে পারতো এবং দাসেরাও স্বাধীন হতে পারতো, কিন্তুনারীরা কখনোই পুরুষ হতে পারতো না (এমনকি আধুনিক ঐশ্বর বা প্রযুক্তির সাহায্যেও নয়।) *Beraka* নারীদেরকে একটি চলমান বৈষম্যের স্বীকার করেছে। কিন্তু পৌলের নতুন করে সাজানো ব্যাখ্যা দেখিয়েছে যে যীশু সকলকেই ধন্য হওয়ার জন্য আহ্বান করেছেন।

## খ্রীষ্টেতে -পুত্র, এক, খ্রীষ্টের হওয়া, দায়াদিকারী !

### “পুত্রেরা” সম্পূর্ণরূপে অধিকার লাভ করে!

এই অনুচ্ছেদটির মূল শব্দগুলি হলো পুত্র, খ্রীষ্টের হওয়া, দায়াদিকারী .. খ্রীষ্টেতে। ৩:২৬ পদে গ্রীক শব্দটি সন্তান নয়, কিন্তু পুত্র (*υιολι*)। এই বিষয়টি স্পষ্ট করা দরকার, কারণ পৌল যে সাংস্কৃতিক প্রেক্ষাপট থেকে লিখেছেন সেখানে শুধু পুত্রেরা পূর্ণ উত্তরাধিকার লাভ করতো। পৌল শিক্ষা দিয়েছেন যে একজন মানুষের জন্মের স্থান বা জীবনের পরিস্থিতি যাই হোক না কেন, খ্রীষ্টের উপর বিশ্বাস তাকে শ্রেষ্ঠ পুত্রের পর্যায়ে নিয়ে যায়। পুত্রত্বের সাথে পূর্ণ দায়াদিকার আসে।

### আপনি খ্রীষ্টের মধ্য দিয়ে কিসের দায়াদিকারী?

চিন্তা করুন, আত্মিক দায়াদিকার একজন খ্রীষ্টিয়ান থেকে আরেকজনের কিভাবে আলাদা হয়? জাতিগত বিষয়, সামাজিক প্রতিপত্তি, শিক্ষা, আর্থিক অবস্থা অথবা লিঙ্গ কি খ্রীষ্টে আমাদের দায়াদিকারকে প্রভাবিত করে? বাক্য বলে, “না”! আমরা সবাই ক্ষমা, পরিত্রাণ, পবিত্র আত্মা, ঈশ্বরের কাছে প্রবেশাধিকার, আত্মিক দান, এবং স্বর্গীয় নাগরিকত্ব লাভ করবো।

### উপসংহার

পৌল ইহুদিদের প্রার্থনা *Beraka* কে পরিবর্তন করে দিয়েছেন, এর কোন প্রভাব আর নেই। এখন আর শুধু পুরুষ, ইহুদি ও মুক্ত লোকেরাই ধন্য নয়। এখন আর একজনের শারিরিক অবস্থা বা সামাজিক অবস্থা মন্ডলী তার উপস্থিতিতে আটকাতে পারবে না। এখন খ্রীষ্টেতে সবাই পুত্র, সবাই উত্তরাধিকারী, সবাই *Beraka*... ধন্য!

### চারটি গুরুত্বপূর্ণ প্রশ্ন

- এই পৃষ্ঠাটি ঈশ্বর সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
- জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
- আমি কোন আদেশটি পালন করবো?
- আমি এটি কার কাছে বলতে পারি?